কৃষিই সমৃদ্ধি

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
কৃষি মন্ত্রণালয়, বীজ অনুবিভাগ
বাংলাদেশ সচিবালয়
www.moa.gov.bd

**স্মারক নং-১২.০০.০০০০.০৯৭.০২.০০২.১৬.৭০৩** **তারিখ :** ০৩ কার্তিক ১৪২৫ / ১৮ অক্টোবর ২০১৮

**বিষয় : জাতীয় বীজ বোর্ড (এনএসবি) এর ৯৭তম সভার কার্যবিবরণী প্রেরণ।**

জাতীয় বীজ বোর্ডের সভাপতি ও কৃষি মন্ত্রণালয়ের সচিব জনাব মো: নাসিরুজ্জামান মহোদয়ের সভাপতিত্বে ০৯-১০-২০১৮ তারিখে অনুষ্ঠিত জাতীয় বীজ বোর্ড (এনএসবি) এর ৯৭তম সভার কার্যবিবরণী অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতৎসঙ্গে প্রেরণ করা হলো।

**সংযুক্তি :** ক) ৯৭তম সভার কার্যবিবরণী (**মন্ত্রণালয়ের ওয়েবসাইট ও সংশ্লিষ্ট ই-মেইলে প্রেরণ করা হয়েছে**)।
খ) উপস্থিতির তালিকা পরিশিষ্ট 'ক'।

১৮/১০/১৮
(আশ্রাফ উদ্দিন আহমেদ)
সচিব, জাতীয় বীজ বোর্ড ও
মহাপরিচালক (বীজ অনুবিভাগ)
ফোন : ৯৫৪০১২০

**কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

১. চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, কৃষি ভবন, ৪৯-৫১ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০;
২. নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল, ফার্মগেট, ঢাকা-১২১৫;
৩. মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী, ফার্মগেট, ঢাকা-১২১৫;
৪. অতিরিক্ত সচিব, (ব্যয় নিয়ন্ত্রণ-২), অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়;
৫. সদস্য পরিচালক (বীজ ও উদ্যান), বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, কৃষি ভবন, ৪৯-৫১ দিলকুশা বা/এ, ঢাকা;
৬. মহাপরিচালক, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, জয়দেবপুর, গাজীপুর-১৭০১;
৭. মহাপরিচালক, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, জয়দেবপুর, গাজীপুর-১৭০১;
৮. মহাপরিচালক, বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট, মানিক মিয়া এভিনিউ, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭;
৯. মহাপরিচালক, বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট, বাকৃবি চত্বর, ময়মনসিংহ-২২০০;
১০. মহাপরিচালক, বাংলাদেশ ইক্ষু গবেষণা ইনস্টিটিউট, ঈশ্বরদী, পাবনা-৬৬২০;
১১. মহাপরিচালক, ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি, গণকবাড়ী, আশুলিয়া, সাভার, ঢাকা-১৩৪৯;
১২. নির্বাহী পরিচালক, তুলা উন্নয়ন বোর্ড, খামারবাড়ী, ফার্মগেট, ঢাকা-১২১৫;
১৩. পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সি, জয়দেবপুর, গাজীপুর-১৭০১;
১৪. পরিচালক, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, ফার্মগেট, ঢাকা-১২১৫;
১৫. পরিচালক, উদ্ভিদ সংগনিরোধ উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ডিএই, খামারবাড়ী, ফার্মগেট, ঢাকা-১২১৫;
১৬. ড. মো. ফেরদৌস মন্ডল, প্রফেসর ও বিভাগীয় প্রধান, সীড সাইন্স এন্ড টেকনোলজি, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ-২২০২;
১৭. জনাব মো: নুরুজ্জামান, ৩২ লেক সার্কাস, ফ্ল্যাট ক্লাউডিয়াস বি-৪, এনা কিংডম, কলাবাগান, ঢাকা-১২০৫, বীজ বিশেষজ্ঞ;
১৮. কৃষিবিদ্‌ জনাব মো: মাসুম, চেয়ারম্যান, সুপ্রীম সীড কোম্পানি, বাড়ী নং-১০, সেক্টর-১৩, গরীবে নেওয়াজ এভিনিউ, উত্তরা, ঢাকা;
১৯. জনাব আলহাজ্ব মো: মোতাহার হোসেন মোল্লা, কাপাসিয়া, গাজীপুর, কৃষক প্রতিনিধি;
২০. জনাব তালুকদার মো: ইউনুস, বড় কসবা, টরকী বন্দর, মিউনিসিপ্যালিটি, আগৈলঝারা, কৃষক প্রতিনিধি;
২১. ড. মো: নজমুল হুদা, সভাপতি, বাংলাদেশ সোসাইটি অব সীড টেকনোলজি, বশেমুরকৃবি, গাজীপুর;
২২. ড. মো: খায়রুল বাশার, সভাপতি বাংলাদেশ উদ্ভিদ প্রজনন ও কৌলিতত্ত্ব সমিতি, বশেমুরকৃবি, গাজীপুর;
২৩ জনাব এম আনিস উদ দৌলা, সভাপতি, বাংলাদেশ সীড এসোসিয়েশন, ১৪৫ সিদ্দিক বাজার, ঢাকা ও চেয়ারম্যান, এসিআই লি:;

**সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

০১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০৩। সিনিয়র তথ্য অফিসার, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০৪। প্রোগ্রামার, আইসিটি শাখা, কৃষি মন্ত্রণালয়, ঢাকা (**কার্যবিবরণীটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ**);
০৫। অতিরিক্ত সচিব (গবেষণা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০৬। মহাপরিচালক, বীজ অনুবিভাগ ও সচিব, জাতীয় বীজ বোর্ড মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়;
০৭। অফিস কপি/মাস্টার ফাইল।

E:\NSB Note, Letter & Minutes (2016-17)\Meeting Minutes letter-18.docx

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়, বীজ অনুবিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moa.gov.bd

কৃষিই সমৃদ্ধি

## জাতীয় বীজ বোর্ড (এনএসবি) এর ৯৭তম সভার কার্যবিবরণী

**সভাপতি** : মো: নাসিরুজ্জামান, সচিব, কৃষি মন্ত্রণালয়
**সভার তারিখ** : ০৯ অক্টোবর ২০১৮
**সময়** : বিকাল ৩.০০টা
**স্থান** : কৃষি মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ
**উপস্থিতি** : পরিশিষ্ট-'ক'

সভাপতি সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভা শুরু করেন এবং ৯৭তম সভার কার্যপত্র অনুযায়ী আলোচ্য বিষয়সমূহ উপস্থাপনের জন্য প্রধান বীজতত্ত্ববিদ, জনাব মো: আজিম উদ্দিনকে আহবান জানান। জনাব মো: আজিম উদ্দিন সভায় আলোচ্য বিষয়সমূহ ধারাবাহিকভাবে উপস্থাপন করেন।

### আলোচ্য বিষয় ১। জাতীয় বীজ বোর্ডের ৯৬তম সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ।

**আলোচনা :** জাতীয় বীজ বোর্ডের (এনএসবি) ৯৬তম সভা ৩০/০৫/২০১৮ তারিখে কৃষি মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী ০৩/০৬/২০১৮ তারিখে ১২.০০.০০০০.০৯৭.০২.০০২.১৬.২৮৭ নম্বর স্মারকের মাধ্যমে বোর্ডের সকল সদস্যের নিকট পাঠানো হয়। অদ্যাবধি এ ব্যাপারে কোনো মতামত পাওয়া যায়নি বিধায় উক্ত সভার কার্যবিবরণী নিশ্চিত করা যেতে পারে।

**সিদ্ধান্ত :** জাতীয় বীজ বোর্ডের ৯৬তম সভার কার্যবিবরণী নিশ্চিত করা হলো।

### আলোচ্য বিষয় ২। পূর্ববর্তী সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা।

| বিষয় | পূর্ববর্তী সভার সিদ্ধান্ত | অগ্রগতি |
|---|---|---|
| **(২.১) আউশ মৌসুমের জন্য গোল্ডেন বার্ন কিংডম প্রা: লি: এর ১টি হাইব্রিড ধানের জাত নিবন্ধন।** | ১। বীজ প্রত্যয়ন এজেন্সী'কে আগামী দুই মাসের মধ্যে তাদের ট্রায়ালে ব্রি ধান-৪৮ এর গড় ফলন এবং জীবনকালের তারতম্যের বিষয়ে যৌক্তিকতা উল্লেখপূর্বক পুনঃপ্রস্তাব প্রেরণ করতে হবে। উক্ত প্রস্তাব জাতীয় বীজ বোর্ডের পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।<br>২। বীজ প্রত্যয়ন এজেন্সীর প্রস্তাবটি বীজ বোর্ডের সভায় অনুমোদিত না হলে আউশ মৌসুমের JD-013 হাইব্রিড জাতটির ট্রায়ালের জন্য প্রাকৃতিক দুর্যোগপ্রবণ এলাকা বাদ দিয়ে নিরাপদ স্থানে চেকজাত ব্রি ধান-৪৮ এর সাথে একটি অঞ্চলে ট্রায়াল করে ফলাফল উপস্থাপন করতে হবে। | পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী সভায় ফলনের তারতম্যের বিষয়ে সভায় জানান আঞ্চলিক কৃষি পরিবেশের তারতম্যের কারণে অঞ্চলভেদে ফলন এবং জীবনকালের তারতম্য ঘটায় গড় ফলন ও জীবনকালের তারতম্য পাওয়া যায় এবং JD-013 হাইব্রিড জাতটির ২য় বছর ট্রায়ালে ১টি ট্রায়ালকৃত স্থানে বন্যার কারণে ফলন ঘাটতি হয়।<br>**সিদ্ধান্ত:** গোল্ডেন বার্ন কিংডম প্রা: লি: প্রস্তাবিত আউশ মৌসুমের JD-013 হাইব্রিড ধানের জাতটির ট্রায়ালের বিস্তারিত ফলাফলসহ জাতীয় বীজ বোর্ডের পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে (দায়িত্ব: বীজ প্রত্যয়ন এজেন্সী)। |

| বিষয় | পূর্ববর্তী সভার সিদ্ধান্ত | অগ্রগতি |
|---|---|---|
| **(২.২) বীজ আলুর শ্রেণিবিন্যাস এবং আলুর টিস্যুকালচার ল্যাব প্রতিষ্ঠার জন্য গাইডলাইন অনুমোদন।** | ১) বিশেষজ্ঞ কমিটির সিদ্ধান্ত ও কারিগরি কমিটির সুপারিশের পরিপ্রেক্ষিতে বীজ আলুর শ্রেণি নির্ধারণ বিষয়টি অনুমোদন দেয়া হলো।<br>২) টিস্যুকালচার ল্যাব প্রতিষ্ঠার গাইডলাইনটি মন্ত্রণালয়ের প্রশাসনিক অনুমোদনের জন্য সংশ্লিষ্ট অনুবিভাগে প্রেরণ করতে হবে। | মন্ত্রণালয়ের প্রশাসনিক অনুমোদনের পর বীজ আলুর শ্রেণিবিন্যাস এবং আলুর টিস্যুকালচার ল্যাব প্রতিষ্ঠার গাইডলাইনটি প্রজ্ঞাপন আকারে গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশের জন্য বাংলাদেশ সরকারি মুদ্রণালয়ে প্রেরণ করা হয়েছে।<br>**সিদ্ধান্ত:** গেজেটে প্রজ্ঞাপণ প্রকাশিত হবার পর গাইডলাইন অনুযায়ী বীজ আলু উৎপাদন করতে হবে। |
| **(২.৩) ইনব্রিড দানা ফসল ধান ও গমের মাঠ মূল্যায়নের গাইডলাইন অনুমোদন।** | ইনব্রিড দানা ফসল ধান ও গমের মাঠ মূল্যায়নের গাইডলাইনটি মন্ত্রণালয়ের প্রশাসনিক অনুমোদনের জন্য সংশ্লিষ্ট অনুবিভাগে প্রেরণ করতে হবে। | ইনব্রিড দানা ফসল ধান ও গমের মাঠ মূল্যায়নের গাইডলাইনটির ভাষাগত উৎকর্ষ সাধন ও বাংলাভাষা প্রমিতীকরণের কাজ চলছে।<br>**সিদ্ধান্ত:** ভাষাগত উৎকর্ষ সাধন ও বাংলাভাষা প্রমিতীকরণ করে মন্ত্রণালয়ের প্রশাসনিক অনুমোদনের পর প্রজ্ঞাপন আকারে গেজেট প্রকাশের জন্য বাংলাদেশ সরকারি মুদ্রাণালয়ে প্রেরণ করতে হবে। (দায়িত্ব: বীজ অনুবিভাগ, কৃষি মন্ত্রণালয়) |

**আলোচ্য বিষয় ৩। বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট উদ্ভাবিত বোরো ধানের ২টি জাত ছাড়করণ।**

| আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|
| বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট কর্তৃক বোরো মৌসুমে চাষাবাদের জন্য ২টি ইনব্রিড ধানের জাত ছাড়করণের প্রস্তাব করা হয়েছে।<br>প্রস্তাবিত ব্রি ধান-৮৮ জাতের কৌলিক সারি BRRI Dhan 29-SC3-28-16-10-8-HRI(Com); ২০০০ সালে লন্ডন বিশ্ববিদ্যালয়ের ইম্পেরিয়াল কলেজের ওয়াই ক্যাম্পাসের ল্যাবরেটরিতে টিস্যু কালচার পদ্ধতির সোমাক্লোনাল ভ্যারিয়েশনের মাধ্যমে উদ্ভাবিত। পরবর্তীতে বীজ বর্ধন এবং বাছাই করে ব্রি আঞ্চলিক কার্যালয়, কুমিল্লাতে Panicle to Line পদ্ধতিতে চূড়ান্ত কৌলিক সারি নির্বাচন করা হয়। বোরো মৌসুমে ৭টি অঞ্চলের ৯টি স্থানে কারিগরি কমিটির ট্রায়ালে জাতটির জীবনকাল ১৪০-১৪৩দিন, গড় ফলন ৭.০৩ মে.টন/হেক্টর পাওয়া যায়। জাতটি ঢলে পড়া প্রতিরোধী। ব্রি ধান-২৯ এর চাইতে ১৫ দিন আগাম ও ব্রি ধান-২৮ এর চাইতে ৩-৪দিন আগাম। ধান ঝড়ে পড়ে না। জাতটিতে অ্যামাইলোজ ২৬.৩% তাই চাল মাঝারি চিকন ও ভাত ঝরঝরে হয়। চেকজাত ব্রি ধান-২৮ এর চেয়ে ৪টি স্বতন্ত্র বৈশিষ্ট্যসম্পন্ন। জাতটি ছাড়করণের জন্য কারিগরি কমিটি সুপারিশ করেছে।<br>প্রস্তাবিত ব্রি ধান-৮৯ জাতের কৌলিক সারি BR-(Bio)9786-BC2-59-1-2 টি প্রথমে ব্রি ধান-২৯ এর সাথে বন্য প্রজাতি Oryza Rufipogon (IRGC acc no.103404) এর সংকরায়ন করা হয়েছে। পরবর্তীতে দুই বার Backcross এবং Pedigree Method এ হোমোজাইগাস কৌলিক সারি বাছাইয়ের মাধ্যমে নির্বাচন করা হয়। বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের মাঠে হোমোজাইগাস কৌলিক সারি নির্বাচনের পর ৩ বৎসর জাতটির ফলন পরীক্ষা করা হয়েছে। ৭টি অঞ্চলের ১০টি স্থানে কারিগরি কমিটির ট্রায়ালে জাতটির জীবনকাল ১৫৪-১৫৮ দিন, গড় ফলন ৮.১৫ মে.টন/হেক্টর পাওয়া যায়। চেকজাত ব্রি ধান-২৯ এর চাইতে ৩-৫ দিন আগাম এবং ২টি স্বতন্ত্র বৈশিষ্ট্যসম্পন্ন। জাতটি ছাড়করণের জন্য কারিগরি কমিটি সুপারিশ করেছে। | (১) কারিগরি কমিটির সুপারিশকৃত BRRI Dhan 29-SC3-28-16-10-8-HRI(Com) কৌলিক সারিটি ব্রি ধান-৮৮ হিসাবে বোরো মৌসুমে সারাদেশে চাষাবাদের জন্য ছাড়করণের অনুমোদন দেয়া হলো।<br>(২) কারিগরি কমিটির সুপারিশকৃত BR-(Bio) 9786-BC2-59-1-2 কৌলিক সারিটি ব্রি ধান-৮৯ হিসাবে বোরো মৌসুমে সারাদেশে চাষাবাদের জন্য ছাড়করণের অনুমোদন দেয়া হলো। |

**আলোচ্য বিষয় ৪। বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট উদ্ভাবিত আউশ ধানের ১টি জাত ছাড়করণ।**

| আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|
| বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউটের প্রস্তাবিত বিনা ধান-২১ ($N_{10}$/350/P-5-4) রোপা আউশ মৌসুমে চাষাবাদের নিমিত্ত ছাড়করণের প্রস্তাব করা হয়েছে। জাতটি ২০১১ সালে NERICA-10 ধানের বীজকে ৩৫০ গ্রে মাত্রার গামা রশ্মি প্রয়োগ করে উদ্ভাবন করা হয়। প্রাথমিক পরীক্ষায় মিউট্যান্ট টি খরা সহিষ্ণু বিবেচিত হওয়ায় পরবর্তীতে আউশ মৌসুমে দেশের খরাপীড়িত বরেন্দ্র অঞ্চলসহ বিভিন্ন এলাকায় পরীক্ষার প্লট স্থাপন করা হয়। পরীক্ষায় মিউট্যান্ট চেক জাত বিআর ২৬ ও মাতৃজাত NERICA-10 হতে উচ্চ ফলনশীল ও আগাম পরিপক্ক হওয়ায় ছাড়করণের জন্য চূড়ান্তভাবে নির্বাচন করা হয়। রোপা আউশ মৌসুমে ৩টি অঞ্চলের ১২টি স্থানে কারিগরি কমিটির ট্রায়ালে জাতটির জীবনকাল ১০০-১০৫দিন, গড় ফলন ৪.০৮ মে.টন/হেক্টর পাওয়া যায়। চাল সাদা, লম্বা, চিকন এবং অ্যামাইলোজের পরিমাণ শতকরা ২৪.৯ভাগ। ভাত ঝরঝরে ও সুস্বাদু। জাতটি বিনা ধান-২২ ও বিআর-২৬ অপেক্ষায় খাটো বিধায় সহজে হেলে পড়ে না। চেকজাত বিআর-২৬এর চেয়ে ৩টি স্বতন্ত্র বৈশিষ্ট্যসম্পন্ন। বিনা প্রস্তাবিত জাতটি ছাড়করণের জন্য কারিগরি কমিটি সুপারিশ করেছে। | কারিগরি কমিটির সুপারিশকৃত ($N_{10}$/350/P-5-4) কৌলিক সারিটি বিনা ধান-২১ হিসাবে রোপা আউশ মৌসুমে সারাদেশে চাষাবাদের জন্য ছাড়করণের অনুমোদন দেয়া হলো। |

**আলোচ্য বিষয় ৫। বোরো মৌসুমে চাষাবাদের জন্য হাইব্রিড ধানের ৪টি জাত নিবন্ধন।**

| আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|
| প্রস্তাবিত বোরো হাইব্রিড ধানের ৪টি জাত পর পর ২বছর ব্রি ধান-২৮ এবং ১বছর ব্রি হাইব্রিড ধান-৫ এর সাথে চেক হিসেবে ব্যবহার করে ট্রায়াল সম্পন্ন করা হয়েছে। হাইব্রিড ধানের জাতগুলোর ট্রায়ালে কমপক্ষে ৩(তিন) বা তার অধিক অঞ্চলে চেকজাত ব্রি ধান-২৮ এর চেয়ে ফলন ২০%-এর বেশি এবং ব্রি হাইব্রিড ধান-৫ এর চেয়ে ফলন ১০%-এর বেশি পাওয়া যায়। বোরো মৌসুমে চাষাবাদের জন্য কারিগরি কমিটি হাইব্রিড ধানের বর্ণিত ৪টি জাত সাময়িকভাবে ও শর্তসাপেক্ষে নিবন্ধনের সুপারিশ করেছে।<br><br>➢ ব্র্যাক সীড অ্যান্ড অ্যাগ্রো এন্টারপ্রাইজ প্রস্তাবিত 'ব্র্যাক হাইব্রিড ধান-১৫ (ARBH 1501)' জাতটি ভারতের UPL(ADVANTA) LIMITED হতে সংগৃহীত। বোরো মৌসুমে কারিগরি কমিটির ট্রায়ালে জাতটির গড় জীবনকাল ১৪০দিন এবং গড় ফলন ৮.৭ মে.টন/হেক্টর পাওয়া যায়। জাতটির ফ্লাগ লীফ চওড়া ও রোগবালাই নগণ্য।<br><br>➢ ন্যাশনাল এগ্রি কেয়ার ইম্পোর্ট এন্ড এক্সপোর্ট লিমিটেড প্রস্তাবিত 'ন্যাশনাল এগ্রি কেয়ার হাইব্রিড ধান-১ (CQR 166)' জাতটি চীনের Chongqing Zhong Yi Seed Co., Ltd. হতে সংগৃহীত। বোরো মৌসুমে কারিগরি কমিটির ট্রায়ালে জাতটির গড় জীবনকাল ১৪২দিন এবং গড় ফলন ৮.৬ মে.টন/হেক্টর পাওয়া যায়। জাতটির দানা সরু। ধানের ব্লাস্ট ও বিএলবি রোগ মধ্যম সহনশীল। | বোরো মৌসুমে চাষাবাদের জন্য কারিগরি কমিটির সুপারিশকৃত হাইব্রিড ধানের ৪টি জাত সাময়িকভাবে ও শর্তসাপেক্ষে নিবন্ধনের অনুমোদন দেয়া হলো।<br><br>১. ব্র্যাক সীড অ্যান্ড অ্যাগ্রো এন্টারপ্রাইজ-এর প্রস্তাবিত ভারতের UPL(ADVANTA) LIMITED হতে সংগৃহীত ARBH 1501 জাতটি 'ব্র্যাক হাইব্রিড ধান-১৫ (ARBH 1501)' নামে সারাদেশ চাষাবাদের জন্য নিবন্ধনের অনুমোদন দেয়া হলো।<br><br>২. ন্যাশনাল এগ্রি কেয়ার ইম্পোর্ট এন্ড এক্সপোর্ট লিমিটেড-এর প্রস্তাবিত চীনের Chongqing Zhong Yi Seed Co., Ltd. সংগৃহীত CQR 166 জাতটি 'ন্যাশনাল এগ্রি কেয়ার হাইব্রিড ধান-১ (CQR 166)' নামে সারাদেশ চাষাবাদের জন্য নিবন্ধনের অনুমোদন দেয়া হলো।<br><br>৩. কৃষিবিদ ফার্ম লিমিটেড-এর প্রস্তাবিত চীনের ANHUI LONGPING HIGH-TECH SEED CO., LTD, হতে সংগৃহীত KFR 107 জাতটি 'কৃষিবিদ হাইব্রিড ধান-২ (KFR 107)' নামে বরিশাল, চট্টগ্রাম ও রংপুর এই ৩টি অঞ্চলে চাষাবাদের জন্য নিবন্ধনের অনুমোদন দেয়া হলো।<br><br>৪. মাহিকো বাংলাদেশ (প্রা:) লি:-এর প্রস্তাবিত ভারতের Maharashtra Hybrid Seeds Co. Pvt. Ltd., হতে সংগৃহীত RXEL-20 জাতটি 'মাহিকো হাইব্রিড ধান-২ |

| | |
|---|---|
| ➢ কৃষিবিদ ফার্ম লিমিটেড প্রস্তাবিত 'কৃষিবিদ হাইব্রিড ধান-২ (KFR 107)' জাতটি চীনের ANHUI LONGPING HIGH-TECH SEED CO., LTD, হতে সংগৃহীত। বোরো মৌসুমে কারিগরি কমিটির ট্রায়ালে জাতটির গড় জীবনকাল ১৪৪দিন এবং গড় ফলন ৮.১ মে.টন/হেক্টর পাওয়া যায়। জাতটি দানা মধ্যম সরু।<br>মাহিকো বাংলাদেশ (প্রা:) লি: প্রস্তাবিত 'মাহিকো হাইব্রিড ধান-২ (RXEL-20)' জাতটি ভারতের Maharashtra Hybrid Seeds Co. Pvt. Ltd., হতে সংগৃহীত। বোরো মৌসুমে কারিগরি কমিটির ট্রায়ালে জাতটির গড় জীবনকাল ১৪০দিন এবং গড় ফলন ৭.৮ মে.টন/হেক্টর পাওয়া যায়। জাতটির দানা সরু। ধানের ব্লাস্ট ও বিএলবি রোগ মধ্যম সহনশীল। | (RXEL-20)' নামে বরিশাল, চট্টগ্রাম ও রংপুর এই ৩টি অঞ্চলে চাষাবাদের জন্য নিবন্ধনের অনুমোদন দেয়া হলো।<br>শর্ত ১। 'হাইব্রিড ধানের জাত মূল্যায়ন ও নিবন্ধীকরণের সংশোধিত পদ্ধতি' অনুসরণ করে হাইব্রিড ধানের বীজ উৎপাদন ও বাজারজাত করতে হবে।<br>শর্ত ২। জাতীয় বীজ বোর্ডের সময়ে সময়ে গৃহীত সিদ্ধান্ত অনুসরণ করে হাইব্রিড ধানের বীজ উৎপাদন ও বাজারজাত করতে হবে। |

**আলোচ্য বিষয় ৬। বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের প্রস্তাবিত আলুর ১টি জাত ছাড়করণ।**

| আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|
| কন্দাল ফসল গবেষণা কেন্দ্র, বারি-এর নিজস্ব উদ্ভাবিত (10.116) জাতটি উচ্চফলনশীল। প্রস্তাবিত বারি আলু-৮০ (10.116) জাতটি সংকরায়ণ করে ক্লোনাল নির্বাচনের মাধ্যমে উদ্ভাবন করা হয়েছে। বিভিন্ন গুনাগুনের ভিত্তিতে জাতটিকে খাবার আলু হিসেবে নির্বাচন করা হয়েছে। জাতটি বাংলাদেশের জনপ্রিয় জাত বারি আলু-৭ (ডায়মন্ট) অধিক ফলনশীল। ৪টি অঞ্চলের ৬টি স্থানে কারিগরি কমিটির ট্রায়ালে জাতটির জীবনকাল ৯০-৯৫দিন, গড় ফলন ৩৬.৪৬ মে.টন/হেক্টর পাওয়া যায়। আলুর আকার গোলাকার থেকে হালকা ডিম্বাকৃতির। আলুর চামড়ার রং হলুদ, চোখ অগভীর, শাঁস ক্রিম রংয়ের ও খেতে সুস্বাদু। জাতটিকে খাবার আলু হিসেবে নির্বাচন করা হয়েছে। সাধারণ তাপমাত্রায় জাতটি ৯০-১০০দিন সংরক্ষণ করা যায়। ড্রাই ম্যাটার গড়ে ১৮.০৬%। জাতটি ছাড়করণের জন্য কারিগরি কমিটি সুপারিশ করেছে। | (১) কারিগরি কমিটির সুপারিশকৃত (10.116) কৌলিক সারিটি বারি আলু-৮০ হিসাবে সারাদেশে চাষাবাদের জন্য ছাড়করণের অনুমোদন দেয়া হলো।<br>(২) পরবর্তীতে প্রতিটি জাতের ট্রায়াল কৃষকের মাঠে স্থাপন করে কৃষকের মাঠের গড় ফলনসহ উপস্থাপন করতে হবে।<br>(৩) জাত ছাড়করণ ও নিবন্ধনের ট্রায়াল স্থাপনের জন্য প্রতিটি প্রতিষ্ঠান বীজ প্রত্যয়ন এজেন্সীতে নমুনা বীজ প্রেরণ করতে হবে। বীজ প্রত্যয়ন এজেন্সীর তত্ত্বাবধানে ট্রায়ালের যাবতীয় কার্যক্রম সম্পন্ন করে কারিগরি কমিটিতে উপস্থাপন করবে। |

**আলোচ্য বিষয় ৭। ইক্ষুর জাত অবমুক্তির মাঠ মূল্যায়ন ফরম সংশোধন।**

| আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|
| মাঠ মূল্যায়ন দলের মতামতের ভিত্তিতে পূর্বের মাঠ মূল্যায়ন ফরম সংশোধন এবং চিবিয়ে খাওয়া আখের নতুন মাঠ মূল্যায়ন ফরম প্রবর্তনের জন্য বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউট-এর আবেদনের প্রেক্ষিতে এবং জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটির সভায় উপস্থাপন করা হয়। কারিগরি কমিটি ইক্ষুর জাত অবমুক্তির মাঠ মূল্যায়ন ফর্মটি ১ নং ক্রমিকে Name and address of the breeder এর পরিবর্তে Name and address of the Institute সংশোধনের নিমিত্ত জাতীয় বীজ বোর্ডের অনুমোদনের জন্য সুপারিশ করেছে। | বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউট আইন পাশ হবার পর ইক্ষুর জাত অবমুক্তির মাঠ মূল্যায়ন ফরম সংশোধনের বিষয়ে সিদ্ধান্ত নেয়া হবে। |

**আলোচ্য বিষয় ৮। সিলেট ও ঢাকা অঞ্চলের আঞ্চলিক পরীক্ষাগার চালু করাসহ ময়মনসিংহে একটি নতুন আঞ্চলিক বীজ পরীক্ষাগার স্থাপন।**

| আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|
| কৃষি মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন নং-১২.০৫২.২৮.০০.০০.০০১.২০১০(অংশ-২).১০৪৮, তাং-০৩/০৬/২০১৮ খ্রি: এর মাধ্যমে বীজ প্রত্যয়ন এজেন্সীতে ৭টি বিভাগীয় অঞ্চলে ৭টি আঞ্চলিক বীজ পরীক্ষাগার স্থাপনের অনুমোদন রয়েছে। জাতীয় বীজ বোর্ড কর্তৃক রংপুর, খুলনা, রাজশাহী, বরিশাল ও চট্টগ্রাম অঞ্চলে ৫টি আঞ্চলিক বীজ পরীক্ষাগারে বীজ পরীক্ষার মাধ্যমে বীজ প্রত্যয়ন কার্যক্রম পরিচালনা ইতোমধ্যে অনুমোদিত হয়েছে। অবশিষ্ট সিলেট ও ঢাকা এই ২টি অঞ্চলে বীজ পরীক্ষা কার্যক্রম শুরু করার জন্য জাতীয় বীজ বোর্ডের অনুমোদন প্রয়োজন। ঢাকা ও সিলেট অঞ্চলে আঞ্চলিক বীজ পরীক্ষাগার চালু হলে বীজ প্রত্যয়ন কার্যক্রম তরান্বিত হবে। সিলেট ও ঢাকা অঞ্চলের আঞ্চলিক পরীক্ষাগারে বীজ পরীক্ষার মাধ্যমে বীজ প্রত্যয়ন কার্যক্রম চালু করার অনুমোদনের জন্য কারিগরি কমিটি সুপারিশ করেছে। | কারিগরি কমিটি সুপারিশ অনুযায়ী সিলেট ও ঢাকা অঞ্চলের আঞ্চলিক পরীক্ষাগারে বীজ পরীক্ষার মাধ্যমে বীজ প্রত্যয়ন কার্যক্রম চালু করার অনুমোদন দেয়া হলো। |

**আলোচ্য বিষয় ৯। বিবিধ আলোচনা: হাইব্রিড ধানের জাত মূল্যায়ন ও নিবন্ধীকরণের পদ্ধতি পর্যালোচনা।**

| আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|
| বীজ কোম্পানির প্রতিনিধি এবং জাতীয় বীজ বোর্ডের সদস্য জনাব মো: মাসুম আমদানি নির্ভরতা কমিয়ে দেশে হাইব্রিড ধান বীজ উৎপাদনের উপর গুরুত্বারোপ করেন। তিনি সভাকে জানান যে, বর্তমানে বাংলাদেশে বিভিন্ন প্রতিষ্ঠানের হাইব্রিড ধান বীজ উৎপাদনের সক্ষমতা রয়েছে; তাই দেশের স্বার্থে হাইব্রিড ধান বীজ আমদানি নির্ভরতা কমিয়ে দেশে উৎপাদন বৃদ্ধিকে উৎসাহিত করার জন্য হাইব্রিড ধানের জাত মূল্যায়ন ও নিবন্ধীকরণের বর্তমান নীতিমালা সংশোধন ও যুগোপযোগী করা প্রয়োজন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়। | (১) হাইব্রিড ধান বীজ আমদানি এবং "হাইব্রিড ধানের জাত মূল্যায়ন ও নিবন্ধীকরণ" এর বর্তমান পদ্ধতিটি সকল অংশীজনের মতামতসহ পর্যালোচনা করে যুগোপযোগী এবং বাস্তবসম্মত করার জন্য চেয়ারম্যান, বিএআরসি'কে আহবায়ক ও পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সীকে সদস্য সচিব করে এবং ব্রি, বারি, বিনা, বিএডিসি, বিএসআরআই, বিজেআরআই, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ উদ্ভিদ প্রজনন ও কৌলিতত্ত্ব সমিতি, বাংলাদেশ সীড এসোসিয়েশন ও বেসরকারি সিড কোম্পানির প্রতিনিধিদের নিয়ে একটি কমিটি গঠন করতে হবে।<br><br>(২) কমিটিকে আগামী তিন মাসের মধ্যে বর্তমান পদ্ধতি পর্যালোচনা করে 'হাইব্রিড ধানের জাত মূল্যায়ন ও নিবন্ধীকরণের পদ্ধতি' এবং হাইব্রিড ধান বীজ আমদানির বিষয়ে দেশের স্বার্থে একটি যুগোপযোগী ও যুক্তিসঙ্গত খসড়া নীতিমালা প্রণয়ন করে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। |

আলোচনায় অংশ নিয়ে জাতীয় বীজ বোর্ডের সদস্য জনাব মো: মাসুম নবযোগদানকৃত সচিব, কৃষি মন্ত্রণালয় ও সভাপতি, জাতীয় বীজ বোর্ডকে বেসরকারি বীজ ব্যবসায়ীদের সংগঠন বাংলাদেশ সীড এসোসিয়েশনের পক্ষ থেকে অভিনন্দন জানান।

পরিশেষে, সভাপতি নতুন অবমুক্ত জাতগুলি কৃষক পর্যায়ে দ্রুত সম্প্রসারণের উপর গুরুত্বারোপ করে সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৭/১১/১৮

মো: নাসিরুজ্জামান
সচিব
কৃষি মন্ত্রণালয়

কৃষিই সমৃদ্ধি

[illegible]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বীজ অনুবিভাগ, কৃষি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়
www.moa.gov.bd

## জাতীয় বীজ বোর্ডের ৯৭তম সভায় উপস্থিত বোর্ডের সদস্যদের স্বাক্ষরের তালিকা

বিষয় : জাতীয় বীজ বোর্ডের ৯৭তম সভা
তারিখ : ০৯-১০-২০১৮ খ্রি:, সময় : বিকাল ৩.০০ টা
স্থান : সম্মেলন কক্ষ, কৃষি মন্ত্রণালয়
সভাপতি : সচিব, কৃষি মন্ত্রণালয়

| ক্র: নং | বীজ বোর্ডের সদস্যের নাম | পদবী ও প্রতিষ্ঠানের নাম | মোবাইল নম্বর ও ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | মো: ফজলে ওয়াহেদ খোন্দকার | চেয়ারম্যান, বিএডিসি | | [signature] |
| ২ | ড. মো: কবির ইকরামুল হক | নির্বাহী চেয়ারম্যান বিএআরসি | 01711466424 | [signature] ৯.১০.১৮ |
| ৩ | মোহাম্মদ মহসীন | মহাপরিচালক ডিএই | 01713063569 | [signature] ০৯/১০/১৮ |
| ৪ | ড. মো: খায়রুল বাশার | সভাপতি উদ্ভিদ প্রজনন ও কৌলিতত্ত্ব সমিতি | 01711283982 | [signature] ৯/১০/১৮ |
| ৫ | ড. মো: শাহজাহান কবীর | মহাপরিচালক ব্রি | 01712280083 | [signature] ৯/১০/১৮ |
| ৬ | মো. [illegible] | [illegible] | 01720379535 | [signature] |
| ৭ | ড. আবুল কালাম আজাদ | মহাপরিচালক বিএআরআই | ০১৭২৭১১০২২৫ | [signature] ৯/১০/২০১৮ |
| ৮ | ড. জাহাঙ্গীর আলম খান | মহাপরিচালক, বিনা | 01813158197 | [signature] |
| ৯ | ড. মো: রফিকুল ইসলাম | নির্বাহী পরিচালক [illegible] | 01711020798 | [signature] ০৯/১০/১৮ |
| ১০ | ড. মো: আমজাদ হোসেন | মহাপরিচালক [illegible] | 01713082112 | [signature] ০৯/১০/১৮ |
| ১১ | মো: নুরুজ্জামান? | — | — | [signature] |

| | | | | |
|---|---|---|---|---|
| ১২ | ড. মো: আব্দুল খালেক | প্রফেসর ও, জীব প্রযুক্তি বিভাগ বাকৃবি, | ০১৭১২-৭৬৮৫৫৩ | ৯/১০/১৮ |
| ১৩ | বিধান কুমার ভেন্ড্র | পরিচালক, এস আর ডি আই | ০১৭১৬৮২১৬৩১ | ০৯/১০/১৮ |
| ১৪ | মোহাম্মদ জিয়াউর রহমান | উদ্ভিদ ও বনসংরক্ষণ অধিদপ্তর, | ০১৭১২৩০৮৯৮৬১ | ৯/১০/১৮ |
| ১৫ | ড. বিমল চন্দ্র কুন্ডু | প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা কন্দাল ফসল বিএআরআই, গাজীপুর | 01712681181 | ৯/১০/১৮ |
| ১৬ | ড. মো: নাজমুল হক | পরিচালক (উদ্ভিদ প্রজনন) বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর | 0171660107 | 9/10/18 |
| ১৭ | ড. জামাল উদ্দিন আহমেদ | পরিচালক (গবেষণা) বি, গাজীপুর | 01715382329 | 9/10/18 |
| ১৮ | ড. মোঃ আবুবকর আলী | পরিচালক (গো:) বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউট | 01718630971 | ০৯.১০.১৮ |
| ১৯ | ড. মো. সলিমুল্লাহ | মহাপরিচালক (ভারপ্রা:) এনআইবি | [illegible] | ০৯/১০/১৮ |
| ২০ | মো: মাহমুদ হোসেন | অতিরিক্ত পরিচালক (বীজ ও উদ্যান) | ০১৮১৮৪১৫৩১২ | ০৯/১০/১৮ |
| ২১ | প্রফেসর ড. মো: শহীদুল ইসলাম মন্ডল | প্রধান, মাইক্রোবায়োলজি বিভাগ, বাকৃবি, ময়মনসিংহ | ০১৭১৫২৪৮৬৬৯৮ | ৯/১০/১৮ |
| ২২ | মো: মাসুদ | চেয়ারম্যান সুপ্রিম সীড | ০১৭১১৫২২৬০ | ০৯/১০/১৮ |
| ২৩ | M. ANIS UD DOWLA | ACI | | |
| ২৪ | ড. মো: মনজুরুল আলম | মহাপরিচালক বি এ আর আই | ০১৭০৭০৭৭০৫২ | ০৯/১০/২০১৮ |
| ২৫ | ড. মো: আবদুর রৌফ | অতিরিক্ত সচিব (গবেষণা) কৃষি মন্ত্রণালয় | 01824626575 | ০৯/১০/১৮ |
| ২৬ | আবু হাসান উদ্দিন আহমেদ | অতিরিক্ত (বীজ উইং) | | |